

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইন্সটান গার্ডেন রোড, ঢাকা



স্মারক নং: ৩২.০১.০০০০.০১২.২০.০৬৮ (অংশ-১).২৩- ৪২

তারিখ: ০৮/০২/২০২৬ খ্রি:

বিষয়: মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে শহর (পৌরসভা ও সিটি কর্পোরেশন) এলাকায় ৩০% উপকারভোগী অন্তর্ভুক্তির টার্গেট পূরণের জন্য বরাদ্দের তিন গুণ উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউরোপীয়ান ইউনিয়ন ও মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে স্বাক্ষরিত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বিষয়ক বাজেট সহায়তা চুক্তি অনুযায়ী মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৭.২ ইন্ডিকেটর অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থবছরে শহর এলাকায় ৩০% উপকারভোগী অন্তর্ভুক্তির টার্গেট রয়েছে। ডিসেম্বর/২৫ পর্যন্ত শহর এলাকায় অগ্রগতির হার যথাক্রমে পৌরসভায় ৬৬% ও সিটি কর্পোরেশনে ৪৪% যা টার্গেটের তুলনায় অনেক কম।

২। ‘মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় শহর এলাকায় ৩০% উপকারভোগী অন্তর্ভুক্তিতে করণীয় সংক্রান্ত সভা’র সিদ্ধান্ত অনুযায়ী শহর এলাকায় ৩০% উপকারভোগী অন্তর্ভুক্তির টার্গেট পূরণের জন্য পৌরসভা ও সিটি কর্পোরেশনে ফেব্রুয়ারি ও মার্চ/২০২৬ দুই মাস বরাদ্দের ০৩ (তিন) গুণ পর্যন্ত উপকারভোগী নির্বাচনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শবনম শিরিন

উপপরিচালক (অ: দা:)

মা ও শিশু সহায়তা কর্মসূচি

কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর;
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল);

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (কার্যক্রম), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
- ২। উপসচিব, মবিঅ-২, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক (সকল) জেলা;
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল);
- ৫। প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচি;
- ৬। সিনিয়র সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা; (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালকের অবগতির জন্য);
- ৮। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালকের অবগতির জন্য)।